

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সদর ইউনিট থানা
১১/১ শের-ই-বাংলা রোড, খুলনা



স্মারক নং- ৩৪.০১.৪৭৫১.০০০.৩৮.০০৪.১৩(অংশ-১)- ৩৭

তারিখ : ১৯/১০/২০২৬খ্রিঃ

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশের বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর ইউনিট থানা, খুলনা কর্তৃক আয়োজিত আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতাধীন অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে ১৪(চৌদ্দ) দিন মেয়াদী (১২/১১/২০২৬ হতে ২৫/১১/২০২৬ তারিখ পর্যন্ত ৪র্থ ব্যাচ) “বাটিক প্রিন্টিং” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি জন্য সদর ইউনিট থানাধীন ১৮-৩৫ বছর বয়সের কর্ম প্রত্যাশী যুবক ও যুব মহিলাদের নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কেন্দ্র : খুলনা সদর।

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	আবেদন জমার শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ	ভর্তির ও প্রশিক্ষণ শুরু তারিখ
“বাটিক প্রিন্টিং”	৮ম শ্রেণী	৩০জন	১৪ দিন	১০/১১/২০২৬	১১/১১/২০২৬ বিকাল- ৩.০০টা	১২/১১/২০২৬

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

- ০১। আগ্রহী প্রার্থীগণ অনলাইনে <https://ytms.gov.bd> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- ০২। আবেদনের সাথে - ক) শিক্ষাগত যোগ্যতার ও বয়স প্রমানের প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, খ) জাতীয় পরিচয়পত্র(NID) সনদ পত্র, গ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার নাগরিক সনদপত্র ঘ) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি জমা দিতে হবে।
- ০৩। ১০/১১/২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর সীমার মধ্যে হতে হবে।
- ০৪। স্বাক্ষরের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে বিকাল ৩.০০ টায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি.এ দেয়া হবে না।
- ০৫। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৬। আবেদনপত্র দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৭। চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণার্থীদের বিকাশ একাউন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বিকাশ একাউন্ট থাকতে হবে।

প্রশিক্ষণের শর্তাবলী :

- ০১। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ০২। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ০৩। প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- ০৪। স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ০৫। প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।
- ০৬। ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

(সেখ মাহবুব রহমান)
থানা যুব উন্নয়ন কর্মকর্তা
সদর ইউনিট থানা, খুলনা।
ফোন-০২৪৭৭৭২৯৭১৩

স্মারক নং- ৩৪.০১.৪৭৫১.০০০.৩৮.০০৪.২০১৩(অংশ-১)- ৩৭

তারিখ : ১৯/১০/২০২৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
- ০২। বিভিন্ন অফিস ও সংস্থার নোটিশ বোর্ড।
- ০৩। অফিস কপি।

(সেখ মাহবুব রহমান)
থানা যুব উন্নয়ন কর্মকর্তা
সদর ইউনিট থানা, খুলনা।